

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঔষধ প্রশাসন অধিদপ্তর
ঔষধ ভবন, মহাখালী, ঢাকা-১২১২
www.dgda.gov.bd

স্মারক নং- ডি/জিডিএ/পিভি-মিটিং/ADRAC/২০১৮/০০৫

তারিখ : ০৯/০৬/২০২০

বরাবর

মহাপরিচালক

স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ : পরিচালক (হাসপাতাল ও ক্লিনিক সমূহ)।

বিষয় : COVID-19 এ patient management এর ক্ষেত্রে জরুরি ব্যবহৃত (Emergency Use) কোন ঔষধের জন্য রোগীদের মধ্যে কোন বিরূপ প্রতিক্রিয়া (ADR) পরিলক্ষিত হলে এতদ্বিষয়ে ঔষধ প্রশাসন অধিদপ্তরে রিপোর্ট প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : ১৮/০৫/২০২০ তারিখে অনুষ্ঠিত Adverse Drug Reaction Advisory Committee (ADRAC)- এর একাদশ সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্র মোতাবেক অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, COVID-19 এ patient management এর জন্য যে সকল ঔষধ জরুরি ব্যবহার (Emergency Use) করা হচ্ছে, সে সকল ঔষধ, যেমন- Hydroxycycloquine, Ivermectin, Oseltamivir, Favipiravir, Remdesavir, Tocilizumab ইত্যাদি ঔষধ ব্যবহারের ফলে রোগীদের মধ্যে ঔষধের কোন বিরূপ প্রতিক্রিয়া (ADR) পরিলক্ষিত হলে ঔষধ প্রশাসন অধিদপ্তরের ADR Monitoring Cell বরাবরে রিপোর্ট প্রেরণের জন্য স্বাস্থ্য অধিদপ্তর, সংশ্লিষ্ট হাসপাতাল ও চিকিৎসকবৃন্দ বরাবরে অনুরোধ জানানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

উক্ত সিদ্ধান্তের আলোকে আপনার অধিনস্থ ও সংশ্লিষ্ট সকল হাসপাতাল/ক্লিনিক/প্রতিষ্ঠানে COVID-19 এ patient management এর জন্য জরুরি ব্যবহার (Emergency Use) এর ফলে ঔষধের কোন বিরূপ প্রতিক্রিয়া (ADR) পরিলক্ষিত হলে ঔষধ প্রশাসন অধিদপ্তরের ADR Monitoring Cell বরাবরে নির্ধারিত ফর্মে রিপোর্ট প্রেরণের জন্য নির্দেশনা জারীসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

রিপোর্ট করার প্রক্রিয়া : ঔষধ প্রশাসন অধিদপ্তরের ওয়েব সাইট (www.dgda.gov.bd) এ ভিজিট করে ADRM, then 'Reporting Form' ডাউনলোড করতঃ যথাযথভাবে পূরণ করে adrmcell.dgda@gmail.com অথবা dgda.gov@gmail.com এ ই-মেইল করতে হবে। অথবা উক্ত ওয়েব সাইটে গিয়ে Online Reporting Form পূরণ করে সরাসরি পাঠিয়ে দিতে হবে।

মেজর জেনারেল মোঃ মাহবুবুর রহমান
মহাপরিচালক
ঔষধ প্রশাসন অধিদপ্তর।
ফোনঃ ৯৮৮০৮০৩
তারিখ : ০৯/০৬/২০২০

স্মারক নং-ডি/জিডিএ/পিভি-মিটিং/ADRAC/২০১৮/০০৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। অতিরিক্ত সচিব (হাসপাতাল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। পরিচালক (প্রশাসন/সেবা), নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৪। পরিচালক/তত্ত্বাবধায়ক,..... হাসপাতাল।
- ৫। সিভিল সার্জন (সকল জেলা).....।
- ৬। সভাপতি/মহাসচিব, বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন (বিএমএ), ঢাকা।

মহাপরিচালক
ঔষধ প্রশাসন অধিদপ্তর।
তারিখ : ০৯/০৬/২০২০